



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১২০/ ৩০৬২

তারিখঃ ২৭.০৩.২০১৯খ্রিঃ

বিষয়ঃ রিট পিটিশন নং- ৫০/২০১৯ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী এনেজার-এইচ নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১২০/৩০৪৬; তারিখঃ ২৯.০১.২০১৯খ্রিঃ  
২) রিট পিটিশন নং- ৫০/২০১৯ এর প্রেক্ষিতে ২০.০১.২০১৯খ্রিঃ তারিখের আদেশ  
৩) নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১২০/১৬৫৯; তারিখঃ ৩১.০৭.২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলায় বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসার মেয়াদ উত্তীর্ণ কমিটি বাতিল পূর্বক প্রস্তাবিত এডহক কমিটি অনুমোদনের জন্য মাদ্রাসার প্রতিষ্ঠাতা সদস্য জনাব এম এম ইব্রাহীম অত্র বোর্ডে একখানা আবেদন দাখিল করেন। পরবর্তীতে একই বিষয়ে জনাব এম এম ইব্রাহীম মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫০/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশন দায়েরের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ০৮/০১/২০১৯খ্রিঃ তারিখের আদেশে জনাব এম এম ইব্রাহীম এর ২৩.০৯.২০১৮খ্রিঃ তারিখের আবেদন (এনেজার-এইচ) ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য বোর্ডকে নির্দেশ প্রদান করা হয়েছে। উক্ত আদেশের কপি ২৮.০১.২০১৯খ্রিঃ তারিখে বোর্ড কর্তৃক গৃহীত হয়েছে।

মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের নিমিত্তে গত ০৬.০২.২০১৯খ্রিঃ তারিখ রোজ বুধবার প্রয়োজনীয় কাগজপত্রসহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে মুখোমুখি শুনানীতে অংশগ্রহণ করার জন্য মাদ্রাসার সুপার, প্রতিষ্ঠাতা দাবীদার জনাব এম এম ইব্রাহীম, অভিভাবক জনাব মোঃ আইয়ুব আলীকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে পক্ষগণ বোর্ডে উপস্থিত হয়ে মুখোমুখি শুনানীতে অংশগ্রহণ করেন এবং স্ব-স্ব দাবীর পক্ষে কাগজপত্র ও লিখিত বক্তব্য দাখিল করেন।

কোন মাদ্রাসা পরিচালনার জন্য বোর্ড হতে এডহক কমিটি অনুমোদন গ্রহণের পূর্বে সুপার/ভারপ্রাপ্ত সুপার কর্তৃক বোর্ড হতে এডহক কমিটি গঠনের অনুমতি গ্রহণ করতে হয়। অনুমতি প্রাপ্তির পর বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে উপজেলা নির্বাহী অফিসার হতে অভিভাবক সদস্য ও জেলা শিক্ষা অফিসার হতে শিক্ষক প্রতিনিধি সদস্য মনোনয়ন গ্রহণ করে বোর্ডে দাখিলপূর্বক পূর্ণাঙ্গ কমিটির অনুমোদন গ্রহণের বিধান রয়েছে। এছাড়া মাদ্রাসার পরিচালনা কমিটিসহ বিভিন্ন প্রশাসনিক বিষয়ে সিদ্ধান্ত/অনুমোদনের জন্য আবেদন করার ক্ষেত্রেও সুপার/ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দাখিল করতে হবে মর্মে বিধান রয়েছে।

এমতাবস্থায়-

ক) জনাব এম এম ইব্রাহীম এর ২৩/০৯/২০১৮খ্রিঃ তারিখের আবেদন (এনেজার-এইচ) এর আলোকে দাখিলকৃত এডহক কমিটি প্রবিধানমালা অনুযায়ী গঠিত হয়নি বিষয় তা অনুমোদন দেয়ার সুযোগ নেই মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো; এবং

খ) দেওয়ানী মোকদ্দমা নং- ৮১/২০১৫ এ ম্যানেজিং কমিটি নির্বাচন-২০১৫ বিষয়ে বিজ্ঞ আদালতের স্থিতাবস্থার জারী করা হয়। নথীদৃষ্টে উক্ত নির্বাচন প্রিজাইডিং অফিসার কর্তৃক ০১/০৩/২০১৫ খ্রিঃ তারিখে স্থগিত করা হয়। হাইকোর্ট বিভাগে বর্ণিত রিট পিটিশনে কেন উক্ত মাদ্রাসাটিতে এডহক কমিটি গঠনের নির্দেশ দেয়া হবে না তৎমর্মে রুল জারী করা হয়েছে। সার্বিক বিবেচনায় মাদ্রাসা পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের জন্য তরির পদক্ষেপ নেয়ার জন্য মাদ্রাসা সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সুপার/ভারপ্রাপ্ত সুপার, বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম।

২) জনাব এম এম ইব্রাহীম, পিতা- মরহুম আলী আহমদ, প্রতিষ্ঠাতা, বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসা, গ্রাম ধলই, পোঃ এনায়েতপুর, হাটহাজারী, চট্টগ্রাম।

৩) জনাব মোঃ আইয়ুব আলী, অভিভাবক, বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসা, পোঃ এনায়েতপুর, হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১২০/ ৩০৬২

তারিখঃ ২৭.০৩.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৪. সভাপতি-সদস্যবৃন্দ, বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম।
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪